

বিজ্ঞপ্তি

এতদ্বারা নেত্রকোনা জেলায় দুর্নীতি দমন কমিশনের পাবলিক প্রসিকিউটর হিসেবে অস্থায়ী ভিত্তিতে তালিকাভুক্তির নিমিত্ত যোগ্যতা সম্পন্ন বিজ্ঞ আইনজীবীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলী:

১। যোগ্যতা:

(ক) বার কাউন্সিলের তালিকাভুক্ত আইনজীবী হিসেবে জেলা ও দায়রা জজ আদালতে ন্যূনতম ১০ (দশ) বছর সক্রিয়ভাবে মামলা পরিচালনার অভিজ্ঞতা।

(খ) আইনজীবী হিসেবে তাঁর পরিচালনায় বিজ্ঞ দায়রা জজ/বিশেষ জজ আদালতে ন্যূনতম ১০(দশ)টি মামলা/আপীল নিষ্পত্তির অভিজ্ঞতা (এন আই এ্যাক্ট ও দন্ডবিধির ৩৮৫/৩৮৭ ধারার মামলা বাদে), তন্মধ্যে ন্যূনতম একটি হত্যা/দুর্নীতির মামলা এবং দায়রা আদালতে একটি আপীল তাঁর কর্তৃক দায়েরকৃত থাকা আবশ্যিক।

২। অযোগ্যতা: একজন ব্যক্তি নিম্নবর্ণিত যে কোন কারণে কমিশনের পিপি হবার বা থাকার অযোগ্য বিবেচিত হবেন।

- (ক) কোন রাজনৈতিক দলের পদে থাকলে;
- (খ) কোন ফৌজদারী মামলায় অভিযুক্ত/সাজাপ্রাপ্ত হলে;
- (গ) নৈতিক স্থলনের দায়ে চাকুরীচ্যুত হলে;
- (ঘ) কোন উগ্র মতাদর্শে বিশ্বাসী হলে;
- (ঙ) ঋণ খেলাপী/বিল খেলাপী হলে;

৩। দরখাস্তের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে।

- (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।
- (খ) আইনজীবী হিসেবে বাংলাদেশ বার কাউন্সিলের অর্ন্তভুক্তির সনদের সত্যায়িত কপি।
- (গ) জেলা ও দায়রা জজ আদালতে ন্যূনতম ১০(দশ) বছর যাবত সক্রিয়ভাবে মামলা পরিচালনার সংক্রান্তে সংশ্লিষ্ট আইনজীবী সমিতির প্রত্যয়নপত্র।
- (ঘ) আবেদনকারী কর্তৃক বিজ্ঞ দায়রা জজ/বিশেষ জজ আদালতে পরিচালিত ও নিষ্পত্তিকৃত ১০(দশ)টি মামলা/ আপীলের রায়ের (এন আই এ্যাক্ট ও দন্ডবিধির ৩৮৫/৩৮৭ ধারার মামলা বাদে), তন্মধ্যে ন্যূনতম একটি হত্যা/দুর্নীতির মামলা এবং দায়রা আদালতে একটি আপীল তাঁর কর্তৃক দায়েরকৃত একটি আপীলের মেমোর সত্যায়িত কপি।

৪। পারিশ্রমিক: মামলা পরিচালনার জন্য কমিশন কর্তৃক নির্ধারিত হারে পারিশ্রমিক প্রদান করা হবে।

৫। দরখাস্ত মাননীয় চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা'র বরাবরে লিখে দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ময়মনসিংহে আগামী ০৮/০৭/২০১৮ খ্রি: তারিখের মধ্যে দাখিল করতে হবে।

জাহাঙ্গীর আলম
২৪/৭/২০১৮

(মো: জাহাঙ্গীর আলম)

উপপরিচালক

দুর্নীতি দমন কমিশন

সমন্বিত জেলা কার্যালয়, ময়মনসিংহ।

ফোন-০৯১-৬৫৮৬৬